



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল মহামারীর সময়ে স্টেটের প্রয়োগকৃত নিয়োগ বন্ধ মূলতবি করার ঘোষণা করেছেন

*অর্থনৈতিক পরিস্থিতির উন্নতির কারণে অর্থ বছরের শেষ পর্যন্ত নিয়োগ বন্ধ মূলতবি এজেন্সিগুলিকে নিয়োগ করার সুযোগ প্রদান করবে*

*যেহেতু, কোভিড-19 অর্থনৈতিক ঝুঁকি রয়ে গিয়েছে, এজেন্সিগুলিকে মূল অভীষ্ট কার্যক্রমের জন্য নিয়োগকে প্রাধান্য দিতে হবে*

**বাজেট বিভাগের বুলেটিন এখানে পড়ুন**

গভর্নর ক্যাথি হোচুল আজকে অর্থ বছরের শেষ পর্যন্ত নিয়োগ বন্ধ মূলতবি করার ঘোষণা করেছেন, যা কোভিড-19 পুনরুদ্ধার প্রচেষ্টাকে সহায়তা করবে। গভর্নর হালনাগাদকৃত [স্টেট অর্থনৈতিক পরিকল্পনা \(State Financial Plan\)](#) প্রকাশ করার পর নিয়োগ বন্ধ মূলতবি করা হল, যে পরিকল্পনা অনুমানের চেয়ে 2.1 বিলিয়ন মার্কিন ডলার বেশি রাজস্বের পূর্বাভাস দিয়েছে যেহেতু অর্থনৈতিক পুনরুদ্ধার প্রত্যাশাকে ছাড়িয়ে গিয়েছে। যদিও এজেন্সিগুলি এখন বাজেট বিভাগের (Division of the Budget) কাছ থেকে ছাড়পত্র ছাড়াই নিয়োগ করতে পারবে, তাদের অবশ্যই মূল অভীষ্ট কার্যক্রমের জন্য নিয়োগকে প্রাধান্য দিতে হবে এবং তাদের উৎসগুলিকে বিচক্ষণতার সাথে নিয়ন্ত্রণ করতে হবে।

"মহামারীর সাথে লড়াই করার সময়ে, আমাদের অবশ্যই নিউ ইয়র্ককে সামনের দিকে এগিয়ে নেওয়া অব্যাহত রাখতে হবে এবং তার মধ্যে পড়ে আমাদের কর্মীদের তৈরি করা যাতে আমরা নিউ ইয়র্ককে সর্বোচ্চ পর্যায়ে সমর্থন করতে পারি," গভর্নর হোচুল বলেন। "যদিও, আমাদের স্টেটের অর্থনীতির ক্ষেত্রে অবশ্যই দায়িত্বশীলভাবে এবং বিচক্ষণতার সাথে কাজ করতে হবে যখন আমরা কোভিড-19 এর ডেলটা ভ্যারিয়েন্টের বিস্তার কমাতে এবং নিউ ইয়র্কের সকল ব্যবসা নিরাপদ থাকে তা নিশ্চিত করতে কাজ করে চলেছি।"

2020 সালের মার্চ মাস থেকে 2021 সালের আগস্ট মাস পর্যন্ত লোকবল কমানোর কারণে এক্সিকিউটিভ এজেন্সিগুলির কর্মীদের সংখ্যা প্রায় 118,000 জন পূর্ণকালীন- কর্মী থেকে প্রায় 107,500 জন পূর্ণকালীন- কর্মীতে নেমে আসার পর এই অর্থ বছরের শেষ পর্যন্ত নিয়োগ বন্ধ মূলতবি করা স্টেট এজেন্সিগুলিকে তাদের কর্মীদের বাড়াতে সুযোগ দেবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)